গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
আইন ও সংসদ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক :৪৩.০০.০০০০.১১৫.০৪.১২ (অংশ-৩)./২১১ তারিখঃ ২৮ ভাদ্র ১৪২৫ / ১২ সেপ্টেম্বর ২০১৮

বিষয়: ১০ম জাতীয় সংসদের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ৩০তম বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের সর্বশেষ অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।

সূত্র (১): বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের স্মারক: ১১.০০.০০০০.৭০৮.৭৬.০০৪.১৮/২০৯, তারিখ: ০৫ আগস্ট ২০১৮।
(২): সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক : ৪৩.০০.০০০০.১১৫.০১.০০৬.১১(অংশ-৬).১৭৭, তারিখ: ০৭ আগস্ট ২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১০ম জাতীয় সংসদের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ৩১তম বৈঠক আগামী ১৮ সেপ্টেম্বর ২০১৮ তারিখে অনুষ্ঠিত হবে। উক্ত সভার আলোচ্যসূচিতে ৩০ তম বৈঠকের সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি অন্তর্ভুক্ত রয়েছে। ৩০তম বৈঠকের সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

| ক্রমিক | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত দপ্তর/সংস্থা/ মন্ত্রণালয়ের শাখা |
|---|---|---|
| (ক) | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সমাপ্ত হওয়া উন্নয়ন প্রকল্পসমূহের একটি তালিকা প্রস্তুত করে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট পেশ করার ব্যবস্থা করা; | পরিকল্পনা শাখা/ সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থা |
| (খ) | যে সকল সময় সংসদ টেলিভিশন চ্যানেলে সংসদ অধিবেশন ও সংসদের নিজস্ব অনুষ্ঠান সম্প্রচার করা হয় না ঠিক সেই সময় উক্ত চ্যানেলে যাতে সংস্কৃতি বিষয়ক অনুষ্ঠানাদি সম্প্রচার করা যায় সে সম্পর্কিত একটি প্রস্তাব মাননীয় স্পীকারের নিকট পেশ করার পদক্ষেপ গ্রহণ করা; | যুগ্মসচিব (অনুষ্ঠান)/ বাংলাদেশ শিল্পকলা একাডেমি/ অধিশাখা-৭, সবিম। |
| (গ) | যে ৫০টি নৃ-গোষ্ঠীর তালিকা চূড়ান্ত করা হয়েছে তা দ্রুত প্রকাশ করা এবং যে সকল ক্ষুদ্র-নৃ- গোষ্ঠীর তালিকা এখনও চূড়ান্ত করা হয়নি, তা পরীক্ষা নিরীক্ষাপূর্বক চূড়ান্ত করার উদ্যোগ গ্রহণ করা; | সকল ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি/সাংস্কৃতিক ঐতিহ্য-২, সবিম। |
| (ঘ) | আগামী ০২ আগস্ট, ২০১৮ তারিখ সকাল ১০-৩০ ঘটিকায় স্থায়ী কমিটি বাংলাদেশ জাতীয় জাদুঘর থেকে নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও, পানামনগর ও বড় সরদারবাড়ি পরিদর্শন করা এবং এ ব্যাপারে সংশ্লিষ্ট কর্মকর্তা সার্বিক সহযোগিতা প্রদান করা। | প্রত্নতত্ত্ব অধিদপ্তর/ বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন/ শাখা-৬/অধিশাখা-৪, সবিম। |
| (ঙ) | কবি নজরুল ইনস্টিটিউট এর যে সকল জায়গা বা সাইনবোর্ডে এখনও 'কবি' শব্দটি সংযুক্ত করা হয়নি অনতিবিলম্বে তা সংযুক্ত করার ব্যবস্থা গ্রহণ করা; | কবি নজরুল ইনস্টিটিউট/ অধিশাখা-৪, সবিম। |
| (চ) | মাননীয় প্রধানমন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী জাতীয় জাদুঘরে বিদ্যমান প্রশাসনিক কাঠামোতে প্রতিষ্ঠান প্রধান হিসেবে 'মহাপরিচালক' এর পরিবর্তে 'কিউরেটর' পদ সৃজনসহ জনবল কাঠামো নতুন করে ঢেলে সাজানোর উদ্দেশ্যে বিষয়টি পর্যালোচনাপূর্বক এবং অন্যান্য দেশে কি ব্যবস্থা রয়েছে তা পরীক্ষা নিরীক্ষা করে জনপ্রশাসন মন্ত্রণালয়ে জরুরি ভিত্তিতে একটি প্রস্তাব পেশ করার পদক্ষেপ গ্রহণ করা; | বাংলাদেশ জাতীয় জাদুঘর/ শাখা-৬, সবিম। |
| (ছ) | দেশের প্রতিটি প্রত্নতত্ত্ব কেন্দ্রকে দৃষ্টিনন্দন করার পাশাপাশি উলানিয়া জমিদারবাড়ি ও দাউদপুরে পাক্কাবাড়ি রক্ষণাবেক্ষণের জন্য দ্রুত পদক্ষেপ গ্রহণের ব্যবস্থা গ্রহণ করা; | প্রত্নতত্ত্ব অধিদপ্তর/ শাখা-৬, সবিম। |
| (জ) | জরুরিভিত্তিতে উপজেলা কালচারাল অফিসার নিয়োগের উদ্যোগ গ্রহণ করা; এবং | বাংলাদেশ শিল্পকলা একাডেমি/ অধিশাখা-৭, সবিম। |
| (ঝ) | স্থায়ী কমিটির ২৫তম বৈঠক থেকে ৩০তম বৈঠকে গৃহীত সুপারিশ বাস্তবায়নের অগ্রগতি সম্বলিত তৃতীয় রিপোর্ট মহাম জাতীয় সংসদের পরবর্তী অধিবেশনে উপস্থাপনের কার্যক্রম গ্রহণ করা। | -- |

২। এমতাবস্থায়, স্থায়ী কমিটির ৩০তম বৈঠকের কার্যবিবরণীতে প্রতিফলিত উপর্যুক্ত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি আগামী ১৩.০৯.২০১৮ তারিখের মধ্যে (হার্ডকপি/সফ্টকপি) (ফ্যাক্স-৯৫৭৬৫৩৫ এবং ই-মেইল : shahjahancopy@yahoo.com মারফত) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১২/০৯/১৮

(মোঃ আতাউর রহমান)
উপসচিব (সংসদ ও আইন)
ফোন: ৯৫৭২১৯০

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। মহাপরিচালক, বাংলা একাডেমি, রমনা, ঢাকা।
২। মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা।
৩। মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
৪। মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা।
৫। মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা।
৬। মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭। নির্বাহী পরিচালক, নজরুল ইন্সটিটিউট, ধানমন্ডি, ঢাকা।
৮। পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, গুলিস্থান, ঢাকা।
৯। রেজিস্ট্রার অফ কপিরাইট, কপিরাইট অফিস, আগারগাঁও, ঢাকা।
১০। পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ।
১১। যুগ্মসচিব (অনুষ্ঠান)/যুগ্মসচিব (প্রশাসন-২)/উপসচিব (সাংস্কৃতিক ঐতিহ্য-১)/উপসচিব (অধিশাখা-৭)/উপসচিব (অধিশাখা-৪)/উপসচিব (প্রশাসন)/ উপসচিব-৩/উপসচিব (সাংস্কৃতিক ঐতিহ্য-২)/, উপপ্রধান/পরিমেয় ঐতিহ্য ও অপরিমেয় ঐতিহ্য শাখা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
১২। পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমী, বিরিশিরি, নেত্রকোনা।
১৩। পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি।
১৪। পরিচালক, মণিপুরী ললিতকলা একাডেমী, মৌলভীবাজার।
১৫। পরিচালক, কক্সবাজার সাংস্কৃতি কেন্দ্র, কক্সবাজার।
১৬। পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাংগামাটি।
১৭। পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান।
১৮। উপপরিচালক, রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমী, রাজশাহী।
১৯। সহকারী প্রোগ্রামার, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সকল দপ্তর/সংস্থাকে ই-মেইলে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

অনুলিপি:
১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৩। অফিস কপি/গার্ড ফাইল।